General Certificate of Education
June 2004
Advanced Level Examination

**BENGALI** **BEN2**
**Unit 2 Culture and Society**

Friday 18 June 2004 1.30 pm to 4.30 pm

| **In addition to this paper you will require:** |
| --- |
| • a 12-page answer book. |

Time allowed: 3 hours

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Write the information required on the front of your answer book.
- Answer **all** questions in Section 1 and **two** questions from Section 2.
  Please note that in Section 2 you are not allowed to answer both questions on the same topic.
- All answers are to be written in **Bengali**.
- Do all rough work in the answer book. Cross through any work you do not want marked.

**Information**
- The maximum mark for this paper is **100**.
- Mark allocations are shown in brackets.
- You are reminded of the need for clear presentation.
- The use of dictionaries is **not** permitted in this examination.
- This unit is divided into two sections:
  Section 1 – 20 marks
  Section 2 – 80 marks

**Advice for Section 2**
- You are strongly advised to write a plan before beginning each answer.
- To obtain high marks you must give details and facts and express your own opinions /draw your own conclusions. At all times you should explain and justify your answers.

## ক বিভাগ

১ নিচের লেখাটি পড়ে ১ নম্বর প্রশ্নের উত্তর দাও:

### বাংলায় বৈদেশিক প্রভাব

তেরো শতকের গোড়ায় বঙ্গদেশে মুসলিম শাসকরা এসেছিলেন তুরস্ক, আরব, ইরান ইত্যাদি দেশ থেকে। বাংলাদেশের ওপর তাদের প্রভাব পড়েছিলো খুবই। প্রভাব পড়েছিলো শাসনব্যবস্থা, ভাষা-সাহিত্য, খাদ্য, পোশাক ইত্যাদির ওপর। এমন কি, ধর্মের ওপর। কিন্তু মধ্যযুগীয়তা কাটিয়ে সে সভ্যতা অগ্রসর হতে পারছিলো না। তাই প্রথম চার শতাব্দীতে এই সভ্যতা বঙ্গদেশকে অনেক কিছু দিলেও, পরে শিক্ষা এবং সংস্কৃতির ক্ষেত্রে তার আর কিছু দেওয়ার ছিলো না। অন্য দিকে, ইংরেজদের সঙ্গে বঙ্গদেশ তথা ভারতবর্ষের যে-যোগাযোগ ঘটেছিলো, তা দ্রুত পরিবর্তনের সূচনা করেছিলো। ইংরেজরা যে-ভাবধারা নিয়ে এসেছিলেন, তা মধ্যযুগীয় নয়। তার আগেই রেনেসন্সের প্রভাবে ইউরোপের চিন্তার জগতে নতুন ভাবনা-চিন্তা এসেছিলো। কেবল কেনাবেচার মালপত্র নয়, ইংরেজরা নিয়ে এসেছিলেন আধুনিকতার বাণী। পর্তুগীজদের সঙ্গে বঙ্গদেশের যোগাযোগ ঘটেছিলো তারও আগে। তবে ইংরেজ এবং পর্তুগীজদের সঙ্গে যোগাযোগের চরিত্র ছিলো ভিন্ন ধরনের। প্রভাবের চরিত্রও। পর্তুগীজদের দৌলতে বঙ্গদেশের ব্যবসা-বাণিজ্য বেড়েছিলো। বাংলাদেশে নতুন ফল, ফুল, খাবার এসেছিলো। বস্ত্র এসেছিলো। আনারস, পেঁপে, পেয়ারা, পাঁউরুটি, বিস্কুট, জানালা, কেদারা, বালতি, বোতাম ইত্যাদি প্রতিদিনের শব্দও এসেছে পর্তুগীজ ভাষা থেকে। রোম্যান হরফে প্রথম বাংলা বইও ছাপা হয়েছিলো পর্তুগীজদের দৌলতে। এমন কি, খৃস্ট ধর্মের সঙ্গে বঙ্গদেশের পরিচয়ও তাদের মাধ্যমে। কিন্তু চিন্তাভাবনার জগতে নতুন আলো তেমন আসেনি।

অপর পক্ষে, ইংরেজরা পণ্যের সঙ্গে এনেছিলেন আধুনিকতার বাণী। তাদের শাসনের ফলে বাংলার সম্পদ দেশ-ছাড়া হয়েছিলো ঠিকই, কিন্তু জ্ঞান-বিজ্ঞানের ক্ষেত্রে নতুন যুগের শুভ সূচনা হয়েছিলো। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়, সূচনা হয়েছিলো নতুন কালের। গোষ্ঠীবদ্ধ মনোভাবের বদলে এসেছিলো ব্যক্তির স্বাধীনতা। ইংরেজদের শাসনের বাই-প্রোডাক্ট হিশেবে জ্ঞানে-বিজ্ঞানে বঙ্গদেশ যে-নতুন পথে এগিয়ে গিয়েছিলো, তার নির্দেশ মুসলিম শাসন দিতে পারেনি। এই পথ ধরেই উনিশ শতকে বাংলার পুনর্জাগরণ অথবা রেনেসন্স এসেছিলো। এই পথ ধরেই বাংলা ভাষা, সাহিত্য তথা বাঙালির সংস্কৃতি এগিয়ে গিয়েছিলো সমৃদ্ধির দিকে। এ সময়ে আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থা গড়ে ওঠে। আর গড়ে ওঠে ছাপার সংস্কৃতি। বাংলা অক্ষরে প্রথম বই ছাপা হয়েছিলো ইংরেজদের চেষ্টায়। সেই বই লিখেছিলেন একজন ইংরেজ, তার জন্যে অক্ষরও তৈরি করেছিলেন একজন ইংরেজ।

সংক্ষেপে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

ক. মুসলিম সংস্কৃতি বাংলাদেশে আধুনিক ভাবধারা কেন আনতে পারছিলো না? ১

খ. পর্তুগীজরা বাংলার অর্থনীতিকে কিভাবে প্রভাবিত করেছিলো? ১

গ. বাংলা ভাষার ওপর পর্তুগীজদের কী প্রভাব পড়েছিলো? দুটি বিষয় লেখো। ২

ঘ. বৈদেশিক শাসনের ফলে বাংলার ধর্মে কি পরিবর্তন এসেছিলো? দুটি বিষয় লেখো। ২

ঙ. পর্তুগীজ এবং ইংরেজদের প্রভাবের পার্থক্য কোথায়? ২

চ. ইংরেজদের শাসনের সময়ে বঙ্গদেশে কী ধরনের পরিবর্তন এসেছিলো? দুটি বিষয় লেখো। ২

২. নিচের লেখাটি বাংলায় অনুবাদ করো: ১০

The very profitable business that some European traders did with India in medieval times was through the Arabs. It was only the Arabs who knew the route to India. King Manuel of Portugal was convinced that direct trading with India would be a lot more profitable. He therefore asked Vasco da Gama to find a sea route. This was five years after the "failed" expedition of Columbus. Vasco started his journey on 8th July 1497. He had with him four ships manned by a large number of sailors. He also had three interpreters. He went round the Cape of Good Hope and most of the eastern coast of Africa, spent some time in Mozambique and Kenya and at last arrived in India. A link was thus established between India and Europe. This link certainly had economic implications but it had far greater long-term cultural implications as well.

নিচের দুই বিভাগ থেকে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও। ইচ্ছা করলে তুমি এক বিভাগ থেকেও দুটি প্রশ্নের উত্তর দিতে পারো। প্রতিটি উত্তর অন্তত ২৫০টি শব্দে লিখতে হবে।
প্রতিটি প্রশ্নের জন্যে ৪০ মার্ক। দুটি প্রশ্নের জন্যে মোট মার্ক ২X৪০ = ৮০

## খ বিভাগ

(সাহিত্যের সঙ্গে যুক্ত নয়, এমন প্রসঙ্গ)

### বাংলাদেশের উদ্ভব

৩ (ক) পাকিস্তান প্রতিষ্ঠিত হওয়ার কয়েক মাস পরেই কেন এবং কিভাবে পূর্ববাংলায় পশ্চিম পাকিস্তান-বিরোধী আন্দোলন গড়ে ওঠে, তার বিবরণ দিয়ে একটি প্রবন্ধ লেখো।

*অথবা*

(খ) ১৯৭১ সালে যাঁরা বাংলাদেশের পক্ষে যুদ্ধ করেছিলেন, তাঁদের বলা হয় মুক্তিবাহিনী। এই বাহিনী কিভাবে গঠন করা হয়, তাঁরা কিভাবে যুদ্ধ করেন এবং দেশ স্বাধীন করার ব্যাপারে তাঁদের অবদানের কথা উল্লেখ করে একটি প্রবন্ধ লেখো ।

### বাংলা সিনেমা ও গান

৪. (ক) তোমার দেখা একটি বাংলা চলচ্চিত্র সম্পর্কে একটি সমালোচনা লেখো। এতে এই চলচ্চিত্রের কাহিনী, চরিত্র, অভিনয়, অভিনেতা-অভিনেত্রী, ফোটোগ্রাফি, সঙ্গীত এবং পরিচালনা সম্পর্কে তথ্য উল্লেখ করবে।

*অথবা*

(খ) তুমি কি ধরনের বাংলা গান পছন্দ করো? তোমার শোনা বাংলা গানের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো। প্রসঙ্গত এই গানের সঙ্গে পপ-গানের তুলনা করো।

### ব্রিটেনে বাঙালি

৫. (ক) ব্রিটেনে বাঙালি মহিলাদের জীবন এবং কার্যকলাপ নিয়ে একটি প্রবন্ধ লেখো।

*অথবা*

(খ) ব্রিটেনের বাংলা পত্রপত্রিকা সম্পর্কে একটি তথ্যপূর্ণ প্রবন্ধ লেখো। প্রসঙ্গত তোমার কোন পত্রিকাটি ভালো লাগে এবং কেন ভালো লাগে সে সম্পর্কে মন্তব্য করো।

**Turn over ▶**

## গ বিভাগ

(সাহিত্যবিষয়ক প্রসঙ্গ)

### বাংলাদেশ এবং পশ্চিম বাংলার উপন্যাস

৬. (ক) তোমার প্রিয় উপন্যাস-লেখক – এ বিষয়ে একটি প্রবন্ধ লেখো।

*অথবা*

(খ) তোমার পড়া বাংলায় লেখা একটি প্রেমের উপন্যাস নিয়ে আলোচনা করো। এই উপন্যাসটি তোমার কেমন লেগেছে? সে সম্পর্কে মন্তব্য করো।

### বাংলা কবিতা ও নাটক

৭. (ক) বাংলা কবিতায় দেশ ও প্রকৃতির বর্ণনা সম্পর্কে একটি প্রবন্ধ লেখো। তোমার পড়া কবিতা থেকে উদ্ধৃতি দাও।

*অথবা*

(খ) একটি বাংলা নাটক নিয়ে আলোচনা করো। এই নাটকটি তোমার কেমন লেগেছে, সে সম্পর্কে প্রসঙ্গত মন্তব্য করো।

### বাংলা প্রবন্ধ সাহিত্য

৮. (ক) তোমার পড়া একটি প্রবন্ধের বই সম্পর্কে পত্রিকার জন্যে একটি সমালোচনা লেখো।

*অথবা*

(খ) বাংলা প্রবন্ধের বই থেকে বাংলার সমাজের যে-ছবি পাওয়া যায়, তার একটি বিবরণ দাও।

**END OF QUESTIONS**

Copyright © 2004 AQA and its licensors. All rights reserved.